



স্মারক নং- ৪৬.১৬.০০০০.০১৪.৩১.০০১.১৬/৫৮৫

তারিখঃ ২১/১০/২০২০ খ্রিঃ

দোকান/স্পেস বরাদ্দের দরপত্র/পুনঃ দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের মালিকানাধীন নির্মিত/নির্মাণাধীন নিম্ন বর্ণিত মার্কেটের দোকান/স্পেস (সংরক্ষিত ব্যতীত) সর্বোচ্চ সালামী ও নির্ধারিত ভাড়া বরাদ্দ প্রদানের লক্ষ্যে প্রকৃত ব্যবসায়ী/ আর্থহী ব্যক্তিগণের নিকট হতে দরপত্র আহবান করা যাচ্ছে।

১।	দরপত্র বিক্রয়ের স্থান	১। হিসাব বিভাগ, নগর ভবন, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন নারায়ণগঞ্জ। ২। উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ। ৩। কদম রসুল ও সিদ্ধিরগঞ্জ আঞ্চলিক কার্যালয়, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
২।	দরপত্র বিক্রয়ের তারিখ	২৭/১০/২০২০ হতে ১১/১১/২০২০খ্রিঃ তারিখ পর্যন্ত (অফিস চলাকালীন সময়)।
৩।	দরপত্র বাস্তব দরপত্র গ্রহণের তারিখ ও সময়	১২/১১/২০২০ খ্রিঃ সকাল ৯.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত নগর ভবনস্থ প্রকৌশল বিভাগ এবং উপ-পরিচালক স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ।
৪।	দরপত্র বাস্তব খোলার তারিখ ও সময়	১২/১১/২০২০ খ্রিঃ বিকাল ৩.০০ টা প্রকৌশল বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

দোকান/স্পেসের বিবরণ

ক্র:নং	মার্কেটের নাম	অবস্থান	দোকান/স্পেস সংখ্যা	সিডিউল মূল্য	জামানত (দাখিলকৃত দরের)
১	কাঁঠালচাপা সিটি প্লাজা-১	সিদ্ধিরগঞ্জ	২ টি দোকান(নীচতলা)	১,০০০/-	৫০%
২	করবী সিটি প্লাজা- ৪ ও ৫	বরফকল মাঠ সংলগ্ন	৩টি স্পেস (২য়তলা)	৫,০০০/-	২০%
৩	পদ্ম সিটি প্লাজা -২	এস এম মালেহ রোড	১ টি দোকান (নীচতলা) ৭ টি স্পেস (২য় ও ৩য় তলা)	১৫০০/- ৫,০০০/-	২০%
৪	দোয়েল সিটি প্লাজা-০১(সংশোধিত)	বঙ্গবন্ধু রোড	২ টি সুপার সপ নীচতলা ৪৪ টি দোকান (২য়-৫ম তলা) ৪ টি স্পেস (৬ষ্ঠ-৯ম তলা)	২৫০০/- ১০০০/- ৫০০০/-	২০%
৫	সিরাজদৌল্লাহ ক্লাব মার্কেট	২২ নং ওয়ার্ড	৭ টি দোকান নীচতলা	১,০০০/-	৫০%

- এই দরপত্র বিজ্ঞপ্তি সংক্ষিপ্ত। দোকান/স্পেসের বিস্তারিত শর্ত সম্বলিত দরপত্র সিটি কর্পোরেশনের নগর ভবন, সিদ্ধিরগঞ্জ ও কদমরসুল আঞ্চলিক কার্যালয় সমূহ এবং জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ এর স্থানীয় সরকার শাখা হতে দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে নির্ধারিত মূল্যে ক্রয় করা যাবে। দোকান/স্পেস সম্পর্কে অন্যান্য তথ্য/শর্ত সিটি কর্পোরেশনের বাজার শাখা থেকে জানা যাবে।
- দোকান/স্পেস বরাদ্দ সংক্রান্ত সকল বিষয় নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন মার্কেট উপ-আইন, ২০১৬ এর বিধিমাতে পরিচালিত হবে।
- কোন প্রকার কারণ প্রদর্শন ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন অথবা সকল দরপত্র/আবেদনপত্র বাতিল কিংবা গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করে।

(মোঃ আবুল আমিন)  
প্রধান নির্বাহী কর্মকর্তা  
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

স্মারক নং- ৪৬.১৬.০০০০.০১৪.৩১.০০১.১৬/৫৮৫(৩)

তারিখঃ ২১/১০/২০২০ খ্রিঃ

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো।

- সম্পাদক, দৈনিক আলোকিত বাংলাদেশ, (তাঁকে উপর্যুক্ত বিজ্ঞপ্তি ৪ কলামে ৮ ইঞ্চি পরিসরে ১ (এক) দিন ছাপানোর জন্য অনুরোধ করা হলো)।
- সম্পাদক, দৈনিক খবরের পাতা, (তাঁকে উপর্যুক্ত বিজ্ঞপ্তি ৪ কলামে ৮ ইঞ্চি পরিসরে ১ (এক) দিন ছাপানোর জন্য অনুরোধ করা হলো)।
- তথ্য প্রযুক্তি কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন তাকে বিজ্ঞপ্তি অনলাইনে ও ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- পি.এ, টু মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(মোঃ আবুল আমিন)  
প্রধান নির্বাহী কর্মকর্তা  
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।  
ফোন- ৭৬৩৩৪২৩  
email: [ceo@ncc.gov.bd](mailto:ceo@ncc.gov.bd)